

# অজানার আহ্বানে

নিবেদিতা গুহনিয়োগী

ভ্রমণপিপাসু প্রকাশনী

# অজানার আহ্বানে

নিবেদিতা গুহনিয়োগী

ভ্রমণপিপাসু প্রকাশনী
ডিএল-১০/১, সেক্টর-২, সল্টলেক
কলকাতা-৭০০ ০৯১

অজানার আহ্বানে

Ajanar Ahawane

প্রথম প্রকাশ ঃ বইমেলা, ২০২২

গ্রন্থস্বত্ব ঃ প্রকাশক

(প্রকাশকের অনুমতি ব্যতিরেকে এই বইয়ের কোনো অংশ মুদ্রণ বা প্রতিলিপিকরণ আইন অনুযায়ী করা যাবে না)

ভ্রমণপিপাসু প্রকাশনীর পক্ষে

মিলন গঙ্গোপাধ্যায় ও রুমা চক্রবর্তী কর্তৃক প্রকাশিত

কর্মসচিব ঃ সমীর দাস

অক্ষর বিন্যাস ও মুদ্রণ

**দি নিও প্রিন্ট কনসার্ন**

১ পটুয়াটোলা লেন, কলকাতা-৭০০ ০০৯

মোবাইল ঃ ৯৮৩০০৬০৩০৬

প্রাপ্তিস্থান ও প্রকাশক

**ভ্রমণপিপাসু প্রকাশনী**

ডিএল-১০/১, সেক্টর-২, সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১

মোবাইল ঃ ৮৬৯৭১৬৬৭১৩, ৮৯১০১৫৫৩৫৫, ৯৮৭৫৩৬৪৫৩১

বিনিময় ঃ ২০০ টাকা

# উৎসর্গ

আমার শ্বশুরমশাই স্বর্গীয় শ্রী পান্নালাল গুহনিয়োগী,
দাদামশাই স্বর্গীয় শ্রী তুলসীচরণ মুখার্জী
ও
স্বর্গীয় শ্রী সত্যচরণ মুখার্জীর
উৎসাহ ছাড়া আমার এই প্রচেষ্টা বাস্তবায়িত হতে পারত না।
এই বইটি তাঁদের স্মৃতির উদ্দেশ্যে উৎসর্গ করলাম।

# ভূমিকা

নিবেদিতা গুহনিয়োগী সুলেখিকা। তাঁর লিখিত কয়েকটি ভ্রমণকাহিনী পড়ার সুযোগ হয়েছিল আগে। বর্তমানে তিনি সতেরোটি ভ্রমণ বৃত্তান্ত, যেগুলি পূর্বে প্রকাশিত হয়েছিল বিভিন্ন পত্রিকায় সেগুলি একত্রে সংকলিত করে গ্রন্থাকারে প্রকাশ করেছেন। গ্রন্থটির শিরোনাম 'অজানার আহ্বানে' সার্থক হয়েছে। ভারতবর্ষের বিভিন্ন শহর, পাহাড়-পর্বত, ভূস্বর্গ কাশ্মীর ভ্রমণ করার সাবলীল অভিজ্ঞতার অতি সুন্দর বর্ণনা তিনি হৃদয়গ্রাহী ভাষায় বর্ণনা করেছেন যা সত্যিই বিভিন্ন শ্রেণীর পাঠককে আকৃষ্ট করে। একটি পড়া শেষ হলে আর একটি পড়বার জন্য ঔৎসুক্য জাগায়। শিলং, দার্জিলিং, গ্যাংটক, কালিম্পং বেড়ানোর পুঙ্খানুপুঙ্খ আলোচনা মনকে আকৃষ্ট করে রাখে।

শ্রীক্ষেত্র পুরীর জগন্নাথ-বলরাম-সুভদ্রা দর্শনের কথা ও তার আনুষঙ্গিক কথা সুন্দরভাবে বিন্যস্ত করেছেন লেখিকা এই গ্রন্থটিতে।

বাণিজ্য নগরী ও বলিউড খ্যাত মুম্বাই, গোয়ার সমুদ্র সৈকতে ভ্রমণের বর্ণনা মন তথা চিত্তকে আকৃষ্ট করে রাখে।

সোনার কেল্লা, লোমহর্ষক লোলেগাঁও, রাঙামাটির দেশে রবীন্দ্রনাথ ও মহর্ষি দেবেন্দ্রনাথের ধ্যানক্ষেত্র শান্তিনিকেতনের সুন্দর অভিজ্ঞতা লেখিকা প্রকাশ করেছেন সুনিপুণভাবে।

প্রসঙ্গত ভাইজ্যাক, আরাকু ও রামোজীর কথা সুবর্ণিত হয়েছে। লেখিকা তাঁর স্বামী আবির গুহনিয়োগীর সঙ্গে চাকুরির সুবাদে যেখানে যেখানে থেকেছেন তার সুন্দর ইতিকথা এই গ্রন্থে সুবিন্যাস করেছেন।

নবাবের সাম্রাজ্যে, কোচবিহারের রাজবাড়ি শীর্ষক লেখা দুটি বস্তুনিষ্ঠ সুষ্ঠু বর্ণনার পরিচায়ক। উডাগামাণ্ডালামের পথে, লোমহর্ষক লোলেগাঁও লেখা দুটি উল্লেখের দাবি রাখে।

'চরৈবেতি চরৈবেতি'—এগিয়ে চলাই জীবন। স্থবিরতা জীবনের ধর্ম নয়।

লেখিকাকে সাধুবাদ জানিয়ে ভবিষ্যতে আরও আকর্ষক সুন্দর সুন্দর লেখা পাঠকমণ্ডলীকে উপহার দেওয়ার জন্য প্রস্তুতি নেওয়ার জন্য আহ্বান জানিয়ে শেষ করলাম।

ধন্যবাদান্তে—

**ডঃ নারায়ণকুমার চট্টোপাধ্যায়**


MA, PHD, FIBR
Ex Professor & Head
Department of Sanskrit
Calcutta University

# মুখবন্ধ

প্রকৃতিই উৎসাহিত করেছে তার রূপ, রস, গন্ধে উদ্বেলিত হয়ে তাকে নিয়ে লিখতে। পাহাড়, মরুভূমি, সমুদ্র, জঙ্গল, রাজবাড়ি বা রাঙামাটি—একেক জায়গার সৌন্দর্য একেক রকম। যা আকৃষ্ট করে মনকে। মনে হয় ছুঁয়ে দেখি তাকে, ঘ্রাণ আস্বাদন করি, নাগরিক কোলাহল থেকে দূরে প্রকৃতির মাঝে হারিয়ে যাই, খুব আপন লাগে তাদের—যেখানে মেঘ-রোদ্দুরের কারিকুরি, স্বচ্ছ সবুজ নদীর জল, গালিচার মতো চা বাগান, নাম না জানা পাখির কলরব, মেঘ পাহাড়ের ছোঁয়াছুয়ি, সমুদ্রের বালুচরে হুটোপুটি ইত্যাদি গতানুগতিক জীবন থেকে দুদণ্ড মুক্তির আস্বাদ দেয়। নানা অভিজ্ঞতার ডালি সাজিয়ে মনের কুঠুরিতে বন্দী ছবি সবার সামনে তুলে ধরলাম। বলা যায় ঘটনার মুক্তো দিয়ে জীবনের মালা গাঁথা। স্মৃতি রোমন্থনে অক্সিজেন পেলাম খানিকটা যা পরবর্তী ভ্রমণের পথের পাথেয় হয়ে থাকবে। আমার কর্তা, দিদা, বাবা ও অন্য আত্মীয়স্বজন, বন্ধুবান্ধবদের অনুপ্রেরণা না পেলে এই লেখার ইচ্ছা বাস্তবায়িত হতে পারত না। ভ্রমণপিপাসু প্রকাশনীর কাছে আমার লেখাগুলি বই আকারে প্রকাশের জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি।

ধন্যবাদান্তে—

**নিবেদিতা গুহনিয়োগী**



# প্রাক্‌কথন

নিবেদিতা গুহনিয়োগীর লেখা ইতিমধ্যেই ভ্রমনপিপাসুর পাঠকের কাছে সমাদৃত হয়েছে। তাঁর ভ্রমনকথা মন কেড়েছে। এই সকংলনে তিনি বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত ভ্রমন-বৃত্তান্ত থেকে বাছাই করেছেন সতেরোটি লেখা। বিস্তীর্ন ভারতের নানা প্রদেশের জানা-অজানা বৈচিত্র্যময় প্রাকৃতিক সৌন্দর্য, স্থাপত্য, মন্দির-গুহা ও জনজীবনের বর্ননা তাঁর লেখনীকে আকর্ষনীয় করেছে। তাই "অজানার আহ্বানে" যথার্থ নামকরন।

আসন্ন বইমেলায় পাঠকের কাছে পৌঁছে দিতে পেরে ভ্রমনপিপাসু প্রকাশনী আনন্দিত।

ধন্যবাদান্তে

**সৌমেন চক্রবর্ত্তী**

ভ্রমনপিপাসু প্রকাশনীর পক্ষে

(চলভাষ ঃ ৮৬৯৭১৬৬৭১৩)

বিধাননগর

ফেব্রুয়ারি, ২০২২

# সূ চি প ত্র


▸▸ শ্রীক্ষেত্র দর্শন ▸▸ ১৩

▸▸ রাঙামাটির দেশে ▸▸ ১৮

▸▸ নবাবের সাম্রাজ্যে ▸▸ ২৪

▸▸ ভালো থেকো উত্তরবঙ্গ ▸▸ ৩০

▸▸ বর্গীর দেশে ▸▸ ৩৭

▸▸ বাণিজ্যনগরী ও গোয়া বেড়ানো ▸▸ ৪০

▸▸ মেঘের রাজ্যে ▸▸ ৪৩

▸▸ ভূস্বর্গ ভ্রমণ ▸▸ ৪৮

▸▸ সোনার কেল্লার হাতছানি ▸▸ ৫৫

▸▸ ভাইজ্যাক, আরাকু এবং রামোজি ▸▸ ৬২

▸▸ রানীর দরবারে ▸▸ ৬৫

▸▸ পাহাড়ের হাতছানি ▸▸ ৬৯

▸▸ উডাগামান্ডালামের পথে ▸▸ ৭২

▸▸ কোচবিহার রাজবাড়ি ▸▸ ৭৭

▸▸ লোমহর্ষক লোলেগাঁও ▸▸ ৭৯

▸▸ ডেলোর ডাকে ▸▸ ৮২

▸▸ সাটুই-এ একদিন ▸▸ ৮৬